

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 09-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

C.M at Tufanialunga

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকারের লক্ষ্য হচ্ছে রাজ্যের সমস্ত গ্রাম ও শহরের উন্নয়ন সাধন করা এবং সুস্থ ও স্বচ্ছ প্রশাসনিক ব্যবস্থা পৌঁছে দেওয়া। জনজীবনের অগ্রাধিকারের বিষয়গুলিকে নজরে রেখে কাজ করা সরকারের অন্যতম লক্ষ্য। গতকাল বামুটিয়া আর ডি ব্লকের অধীন তুফানিয়া লুঙ্গা টি এস্টেট জেবি স্কুলে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি জানান, ত্রিপুরায় এইমসের মতো স্বাস্থ্য পরিষেবা প্রদান করার লক্ষ্যে কাজ করছে সরকার। আগরতলার আইএলএস হাসপাতাল সংলগ্ন এলাকায় ১০০ আসনের অত্যাধুনিক চক্ষু হাসপাতাল গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে বলেও তিনি জানান। অনুষ্ঠানে জমির পাড়া বিলি, প্রশাসনিক শিবির, নেশামুক্তি অভিযান সম্পর্কে সচেতনতামূলক র্যালি, চারা রোপণ, রক্তদান শিবির ও কৃষি সহায়ক সামগ্রী বিতরণ কর্মসূচি নেওয়া হয়। মুখ্যমন্ত্রী বলেন, গত ২৯ মে রাজ্যে বিকশিত কৃষি সংকল্প অভিযানের সূচনা হয়। সরকারের ১ লক্ষ ৭২ হাজারের অধিক কৃষককে এই প্রকল্পের সুবিধা দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে ২০২২ সালের ১৭ সেপ্টেম্বর রাজ্যে 'প্রতি ঘরে সুশাসন' কার্যক্রম শুরু করা হয়েছিল।

(Byte. C.M.....)

P.M on women empower.

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উন্নত ভারতের যাত্রাপথে মহিলাদের পরিবর্তনশীল ভূমিকার ওপর গুরুত্বারোপ করেছেন, তিনি গত ১১ বছরে মহিলা নেতৃত্বাধীন উন্নয়নের প্রতি সরকারের উদ্যোগের কথা তুলে ধরেন। কেন্দ্রের NDA সরকার ১১ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে জানান, সরকার সাহসের সঙ্গে এটা নিশ্চিত করেছে যে বিজ্ঞান- প্রযুক্তি, শিক্ষা, ক্রীড়া, স্টার্টআপ এবং সশস্ত্র বাহিনীসহ সমস্ত ক্ষেত্রে মহিলারা সফল ভাবে এগিয়ে যাচ্ছেন এবং মানুষকে অনুপ্রাণিত করছেন।

প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন যে NDA সরকার একটি ধারাবাহিক কার্যকর উদ্যোগের মাধ্যমে মহিলাদের নেতৃত্বাধীন উন্নয়নকে পুনরায় নতুনভাবে সংজ্ঞায়িত করেছে।

Parliamentary delegation:

বিজেপির সাংসদ রবি শংকর প্রসাদের নেতৃত্বে সাংসদ প্রতিনিধি দল গতকাল সফল ইউরোপ সফর শেষ করে জার্মানি থেকে দিল্লি পৌঁছেছে। প্রতিনিধি দলের সফরে , সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের জিরো টলারেঞ্জ নীতি নিয়ে একটি শক্তিশালী বার্তা দেওয়া হয়েছে। প্রতিনিধি দলের নেতা সাংসদ রবি শংকর প্রসাদ সংবাদ মাধ্যমের কাছে বলেন যে, প্রতিনিধি দল ফ্রান্স, ইতালি, ডেনমার্ক, ইংল্যান্ড, ব্রাসেলস এবং জার্মানি সফর করেছে এবং ওই দেশগুলো পহলগাঁও সন্ত্রাসী হামলার নিন্দা করেছে। তিনি জোর দিয়ে বলেছেন যে ভারত ও ইউরোপের মধ্যে একটি নতুন সম্পর্ক প্রতিষ্ঠিত হতে চলেছে।

Akashvani:

আকাশবাণী গতকাল ৯০ বছর পূর্তি উদযাপন করেছে। ১৯৩৬ সালের ৮ জুন, ভারতীয় রাষ্ট্রীয় সম্প্রচার পরিষেবার নামকরণ করা হয় অল ইন্ডিয়া রেডিও, এআইআর।

স্বাধীনতার পর, আকাশবাণী দ্রুত সম্প্রসারিত হয়, ১৯৫৬ সালে "আকাশবাণী" নামটি গ্রহণ করা হয়। বর্তমানে, আকাশবাণী ৫৯১টি স্টেশন পরিচালনা করে, যা ভারতের ৯৮ শতাংশ জনসংখ্যার কাছে পৌঁছায়। ২৩টি ভাষা এবং ১৪৬টি উপভাষায় সম্প্রচার করে আকাশবাণী।

PMSMA:

২০১৬ সালের জুন মাসে চালু হওয়া প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃ অভিযান, PMSMA হল ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের একটি প্রধান উদ্যোগ। এটি প্রতি মাসের ৯ তারিখে, বিশেষ করে দ্বিতীয় এবং তৃতীয় ত্রৈমাসিকে, সমস্ত গর্ভবতী মহিলাদের বিনামূল্যে নিশ্চিত, ব্যাপক এবং মানসম্পন্ন প্রসবপূর্ব যত্ন পরিষেবা প্রদানের জন্য পরিকল্পনা করা হয়েছিল। এর মূল লক্ষ্য হল উচ্চ ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থার প্রাথমিক সনাক্তকরণ এবং দ্রুত ব্যবস্থাপনার মাধ্যমে প্রসূতি এবং নবজাতকের মৃত্যুহার হ্রাস করা।

Ahalyabai Holkar:

দেবী অহল্যাবাই হোলকারের ৩০০ তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে গতকাল উদয়পুর কেবি আই স্কুলের ইউ আর সি হল ঘরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অহল্যা বাই হোলকারের জীবন আদর্শ নিয়ে বক্তব্য রাখেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ ত্রিপুরা প্রান্তের প্রান্ত প্রচারক নিখিল শংকর নিবাসকর, গোমতী

জেলার মহিলা সমন্বয় কমিটির সংযোজিকা অপর্ণা সেন, বিশিষ্ট সমাজসেবিকা
পূর্ণিমা গোস্বামী প্রমুখ।

দ্বিতীয় ডিভিশন:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল
প্রতিযোগিতার উদ্বোধনী খেলায় ঐকতান যুব সংস্থা জয়লাভ করেছে। উমাকান্ত
মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ঐকতান যুব সংস্থা ২-১ গোলে
স্কাইলার্ক ক্লাবকে পরাজিত করে। এর আগে মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা
আসরের উদ্বোধন করেন।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘলা
থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি পাত হতে পারে। সেই সঙ্গে
কোথাও কোথাও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে
যেতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি
সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। গত ২৪
ঘন্টায় ছিটেফোঁটা বৃষ্টি হয়েছে।
